বাঃ মঃ উঃ কঃ

# বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ফোনঃ ৯১৪০৮০১, ৯১৪০৮০৬, ৯১৪৪৪০৫, ৯১৪৩৪৯৪
ওয়েব সাইট: www.bfdc.gov.bd ই-মেইল: **bfdc_64@yahoo.com** ফ্যাক্স: ০২-৯১৪২৪৮৮

পত্র নং (ক্রয়) ঃ ৩৩.০৩.০০০০.১০৪.০৪.০৬৯.১৮/২২৬ তারিখঃ ২৭-১২-২০১৮ খ্রিঃ

## "স্থানীয় দরপত্র বিজ্ঞপ্তি"

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের বহিস্থ ইউনিটসমূহের রাজস্ব আদায়ের জন্য ৪০০০ (চার হাজার) ক্যাশ মেমো এবং ১০০ (একশত) টি মানি রশিদ বহি ছাঁপানো কাজের নিমিত্ত অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহের নিকট হতে এতদ্বারা সীল মোহরকৃত মুখবন্ধ খামে স্থানীয় দরপত্র আহবান করা যাচ্ছে।

স্থানীয় দরপত্র আগামী ০৮-০১-২০১৯ খ্রিঃ তারিখ বেলা-১১.০০ ঘটিকার মধ্যে অত্র কর্পোরেশনের প্রধান কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে/নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে, সরাসরি/ডাকযোগে দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ১১.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত স্থানীয় দরপত্র পরীক্ষা এবং মূল্যায়ন করা হবে। দরপত্র প্রদানের সুবিধার্থে বর্ণিত ক্যাশ মেমো ও মানি রশিদের বিবরণসহ দরপত্রের শর্তাবলী এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।

প্রয়োজনীয় ব্যবস্থা নিন

| | |
|---|---|
| উপ-সচিব | |
| পি.আর,ও | |
| সহকারী সচিব | |
| পি, এ, | |
| সচিব | |
| তারিখ | ৩/১/১৯ |

সংযুক্তিঃ- উক্তরুপ।

২৭/১২/১৮
(ফাখরুল ইসলাম)
ব্যবস্থাপক, ক্রয় বিভাগ
বামউক, ঢাকা।

**বিতরণ-(সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) ঃ**

১। পরিচালক (ক্রয় ও বিপণন), বামউক, ঢাকা।
২। সচিব, বামউক, ঢাকা (দরপত্র বিজ্ঞপ্তিটি বামউক এর ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে)।
৩। ব্যবস্থাপক-বাস্তবায়ন/বিপণন, বামউক, ঢাকা।
৪। নিয়ন্ত্রক, অর্থ/হিসাব, বামউক, ঢাকা।
৫। নোটিশ বোর্ড, বিএফডিসি/ঢাকা ওয়াসা/ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন/বিআরডিবি, ঢাকা।
৬। মেসার্স ........................................................

........................................................

........................................................

চলমান পাতা- ০২

# "স্থানীয় দরপত্র তফসিল"

বরাবর
ব্যবস্থাপক (ক্রয়)
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
প্রধান কার্যালয়, ২৩-২৪, কাওরান বাজার
তেজগাঁও, ঢাকা-১২১৫।

## ক্যাশ মেমো ও মানি রশিদের বিবরণঃ

| ক্রঃ | মালামাল | একক | পরিমান | দরদাতা কর্তৃক উদ্ধৃত দর | |
|---|---|---|---|---|---|
| | | | | একক মূল্য | মোট মূল্য |
| ১। | ক্যাশ মেমো বহি<br>ক। সাইজ ৪ $\frac{১'}{২}$ x ৫ $\frac{১'}{২}$<br>(৫০ x ৩) পাতা বিশিষ্ট।<br>খ। ট্রিপ্লিকেট কপি ৩ (তিন) রংয়ের কাগজ।<br>গ। ১ম ও ২য় পাতা ছিদ্র বিশিষ্টি এবং প্রতি বহি ও পাতায় নম্বর হবে (নমুনা মোতাবেক)। | সংখ্যা | ৪,০০০<br>(চার হাজার) | | |
| ২। | মানি রশিদ বহি<br>ক। সাইজ ৭ x ৮ $\frac{১}{২}$<br>(৫০ x ৩) পাতা বিশিষ্ট।<br>খ। ট্রিপ্লিকেট কপি ৩ (তিন) রংয়ের কাগজ।<br>গ। ১ম ও ২য় পাতা ছিদ্র বিশিষ্ট এবং প্রতি বহি ও পাতায় নম্বর হবে (নমুনা মোতাবেক)। | সংখ্যা | ১০০<br>(একশত) টি | | |
| | | | সর্বমোট ঃ | | |

কথায়ঃ

১। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ

২। ব্যক্তি/প্রতিষ্ঠানের ঠিকানা ঃ

৩। মোবাইল নং ঃ

৪। তারিখ ঃ

দরদাতার স্বাক্ষর ও তারিখ (সীলসহ)ঃ

চলমান পাতা-০৩

## "স্থানীয় দরপত্র এর শর্তাবলী"

১। দরপত্র সিডিউলে উদ্ধৃত দর অংকে ও কথায় স্পষ্ট করে লিখতে হবে। কোন প্রকার কাটা-কাটি/ঘষা-মাজা হলে দরপত্র সিডিউল সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। কেবলমাত্র বামউক এর সরবরাহকৃত দরপত্র সিডিউলেই দরপত্র দাখিল করা যাবে। দাখিলকৃত দরপত্রের প্রতি পাতায় দরদাতা কর্তৃক সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে।

৩। দরপত্রের সাথে দরদাতা/প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট নিবন্ধনপত্র, ছাঁপাখানার ঘোষণাপত্র, প্রেস তালিকাভুক্তির পত্র ও ব্যাংক সলভেন্সির কপি দাখিল করতে হবে। তাছাড়া পিপিআর-২০০৮ এর শর্তসমূহ প্রতিপালন পূর্বক অত্র কর্পোরেশনের প্রশাসনিক ও আর্থিক বিধি অনুযায়ী সকল কাজ সম্পাদন করতে হবে।

৪। সীলমোহরকৃত মুখ বন্ধ খামের উপর দরদাতা ও দর আহবানকারীর ঠিকানা লিখে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

৫। নির্ধারিত সময়ের মধ্যে সিডিউল ও নমুনা মোতাবেক উন্নত মানের কাগজ দিয়ে ৪০০০ (চার হাজার) ক্যাশ মেমো ও ১০০০ (এক হাজার) মানি রশিদ বহি ছাঁপানোর কাজ সম্পন্ন করে সরবরাহের কাজ সম্পন্ন করতে না পারলে অথবা সম্পাদিত কাজ ও কাগজের মান অথবা যে কোন অনিয়মের জন্য কর্তৃপক্ষ কার্যমূল্যের সর্বোচ্চ ১০% পর্যন্ত জরিমানা আরোপ করতে পারবেন।

৬। সফল দরদাতাকে কার্যাদেশ ইস্যুর ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে সফল দরদাতাকে চাহিত ৪০০০ (চার হাজার) ক্যাশ মেমো ও ১০০০ (এক হাজার) মানি রশিদ বহি দরপত্র সিডিউলের বর্ণনা ও নমুনা মোতাবেক ছাঁপানের কাজ সম্পন্ন করে উপসচিবের মাধ্যমে প্রশাসন বিভাগের স্টোর কিপারের নিকট নিজ খরচে পৌঁছে দিতে হবে।

৭। বামউক কর্তৃপক্ষের নির্দেশনা ও পিপিআর- ২০০৮ অনুযায়ী সফল দরদাতাকে ৪০০০ (চার হাজার) ক্যাশ মেমো ও ১০০০ (এক হাজার) মানি রিসিভ বই ছাঁপানোর কাজ সম্পন্ন করতে হবে।

৮। বিল পরিশোধের নিমিত্ত ০৩ (তিন) প্রস্ত বিল দাখিল করতে হবে। দাখিলকৃত বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট ও অন্যান্য কর (যদি থাকে) কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে।

৯। শুধুমাত্র সর্বনিম্ন দরদাতা হলেই দরপত্র প্রাপ্তির নিশ্চয়তা প্রদানে বিবেচ্য হবে না। দরপত্রে উত্তীর্ণের জন্য সার্বিক দিক পর্যালোচনা করা হবে।

১০। অত্র দরপত্র শর্ত সমুহের সংযোজন-বিয়োজন, পরিবর্ধন, পরিমার্জন করা এবং প্রয়োজনে যে কোন নতুন শর্ত আরোপ করার ক্ষমতা বামউক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

দরদাতার স্বাক্ষর ও তারিখ (সীলসহ)